

জন্ম ।

জানিনা কে কোথা হ'তে

দেয় আমাদের ফেল

সুখ দুঃখ হাসি কান্নার

জগৎটার এই কোলে ।

হেথায় এসেই তাই

কেদে উঠতে চাই

হাত বাড়িয়ে অসীমটাকে

চেপে ধরতে যাই ।

(কিন্তু) দেয়না ধরা মে

আশা ভাঙ্গে নিরাশে

প্রাণের ব্যথা ছড়িয়ে পড়ে

আকাশ বাতাসে ।

তখন, মায়ের স্নেহ ভালবাসা

নেয় আমাদের কোলে

তা'র বক্ষভরা পীযুষধারা

দেয় মুখেতে তুলে

তখন, কাঁদতে গিয়ে কাঁদতে নারি

অতীতটা যাই তুলে

কোন মোহের স্বর্ণজালে ।